

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
নবনিয়োগ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.১৪৭.১১.০২০.২২- ৬০২

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৯
০৬ ডিসেম্বর ২০২২


বিষয়: ৪০তম বি.সি.এস. (ডাক) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত ০১ (এক) জন প্রার্থীর সহকারী পোস্ট মাস্টার জেনারেল পদে যোগদানের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে ৪০তম বি.সি.এস. (ডাক) ক্যাডারে নিয়োগপ্রাপ্ত ০১ (এক) জন প্রার্থীর সহকারী পোস্ট মাস্টার জেনারেল পদে যোগদানের সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত আবেদন পাওয়া গিয়েছে। প্রাপ্ত আবেদন এবং আবেদনে বর্ণিত যোগদানের সময়সীমা বর্ধিতকরণের স্বপক্ষে দাখিলকৃত কাগজপত্র/প্রমাণক পর্য্যালোচনাক্রমে বাংলাদেশ সিভিল সার্ভিসের প্রারম্ভিক পদে যোগদানের সময়সীমা নির্ধারণ সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬-০৭-২০১১ তারিখের পরিপত্রের আলোকে (কপি সংযুক্ত) নিম্নোক্ত ০১ (এক) জন প্রার্থীর চাকরিতে যোগদানের সময় নিম্নোক্তভাবে বর্ধিত করা হলো:

রেজিঃ নং	নাম	যোগদানের জন্য বর্ধিত সময়সীমা
১১০৩০২৩৩	শামীম সোহানী রিমন	০৪-১২-২০২২ হতে ১৮-১২-২০২২ তারিখ পর্যন্ত

০২। এমতাবস্থায়, প্রার্থীর চাকরিতে যোগদানের বর্ধিত সময়সীমার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) পাতা।


০৫.১২.২০২২
ডাক্তার দেবনাথ বাপ্পি
উপসচিব
ফোন: ২২৩৩৫৪০০৭

সচিব
ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

- ১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ✓ সিনিয়র সিস্টেম এনালিস্ট, লোক প্রশাসন কম্পিউটার কেন্দ্র, জনপ্রশাসন মন্ত্রণালয় (জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। জনাব শামীম সোহানী রিমন (রেজিঃ নং ১১০৩০২৩৩), সহকারী পোস্ট মাস্টার জেনারেল পদে নিয়োগপ্রাপ্ত, ৪০তম বি.সি.এস. (ডাক) ক্যাডার।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
নবনিয়োগ শাখা
www.mopa.gov.bd

স্মারক নং-০৫.০০.০০০০.১৪৭.০০.০১৬.১০-২৪৩


১১ শ্রাবণ, ১৪১৮ বঃ
তারিখ :-----
২৬ জুলাই, ২০১১ খ্রিঃ

পরিপত্র

বিষয় : বাংলাদেশ সিভিল সার্ভিসের প্রারম্ভিক পদে যোগদানের সময়সীমা নির্ধারণ

সরকার বি.সি.এস. (বয়স, যোগ্যতা এবং সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা, ১৯৮২ অনুসারে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক চূড়ান্তভাবে সুপারিশকৃত সকল ক্যাডার কর্মকর্তাদের প্রারম্ভিক পদে যোগদানের সময় নিম্নোক্তভাবে নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করেছে :

- (ক) সন্তোষজনক প্রাক-চরিত্র যাচাই প্রতিবেদন এবং বাহ্য পরীক্ষায় যোগ্য ঘোষিত প্রার্থীদের জন্য নিয়োগ প্রজ্ঞাপনে উল্লিখিত তারিখে যোগদান করতে হবে। তবে প্রার্থীর অসুস্থতাজনিত কারণে মেডিকেল বোর্ডের সুপারিশক্রমে এ সময়সীমা নিয়োগ প্রজ্ঞাপনে উল্লিখিত যোগদানের তারিখ হতে সর্বোচ্চ তিন মাস পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রণালয় বর্ধিত করতে পারবে। এছাড়া প্রার্থীর আবেদনের ভিত্তিতে কর্তৃপক্ষের নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন পরিস্থিতি/কারণেও এ সুবিধা প্রদান করা যেতে পারে। তবে নিয়োগপ্রাপ্ত মহিলা প্রার্থীর ক্ষেত্রে মাতৃত্বজনিত কারণে ডাক্তারী সার্টিফিকেটের ভিত্তিতে জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট প্রার্থীর অনুকূলে যোগদানের সময়সীমা নিয়োগ প্রজ্ঞাপনে উল্লিখিত যোগদানের তারিখ হতে সর্বোচ্চ ছয় মাস পর্যন্ত বর্ধিত করতে পারবে।
- (খ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক চূড়ান্তভাবে সুপারিশকৃত কোন প্রার্থীর নামে আদালতে মামলা বিচারাধীন থাকার কারণে প্রাক-চরিত্র যাচাই প্রতিবেদন সন্তোষজনক না হলে, চূড়ান্ত সুপারিশের তারিখ হতে মামলা নিষ্পত্তির পর সন্তোষজনকভাবে প্রাক-চরিত্র যাচাই সাপেক্ষে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত যোগদানের সময়সীমা বর্ধিত করা যাবে, এ সময়সীমা কোনক্রমেই উক্ত একই ব্যাচের কর্মকর্তাদের প্রথম যোগদানের তারিখ হতে পাঁচ বছরের বেশী হবে না। তবে নিয়োগের সময় কোন প্রার্থীর বিরুদ্ধে মামলা চলমান থাকলে এবং সে মামলায় আদালত কর্তৃক চূড়ান্তভাবে সাজাপ্রাপ্ত হলে সে প্রার্থী বি.সি.এস. ক্যাডার সার্ভিসে যোগদান করতে পারবে না।


(ইকবাল মাহমুদ)
সচিব

বিতরণঃ

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সচিব, ----- (সকল), মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। উপসচিব, পি.এ.সি.সি., জনপ্রশাসন মন্ত্রণালয় (পরিপত্রটি গয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরিপত্রটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশসহ উক্ত গেজেটের ২০ (বিশ) কপি অত্র শাখায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের অবগতির জন্য)।